

PRINT

সমকাল

হামলার দায়ে শাবির ৯ শিক্ষার্থী সাসপেন্ড

১১ ঘণ্টা আগে

শাবি সংবাদদাতা

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবি) ছাত্র রাজীব সরকারের ওপর হামলার দায়ে ৯ শিক্ষার্থীকে সাময়িক বহিস্কার করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। একইসঙ্গে বিধি অনুযায়ী তাদের শাস্তি কেন দেওয়া হবে না- সে বিষয়ে আগামী সাত দিনের মধ্যে কারণ দর্শাতে বলা হয়েছে। তারা সবাই শাবি শাখা ছাত্রলীগের নেতাকর্মী। সোমবার রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেন স্বাক্ষরিত অফিস আদেশে বিষয়টি জানানো হয়।

সাময়িক বহিস্কৃত শিক্ষার্থীরা হলেন- ইংরেজি বিভাগের রিশাদ ঠাকুর, ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং বিভাগের মাহবুব আল-আমিন, বাংলা বিভাগের কাউসার আহমেদ সোহাগ, লোকপ্রশাসন বিভাগের সুমন মিয়া, সূজন চন্দ্র বৈষ্ণব, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের ইফতেখার আহমেদ রানা, সমুদ্রবিজ্ঞান বিভাগের আমিনুল ইসলাম, লোকপ্রশাসন বিভাগের এসএম আব্দুল বারী সজীব এবং সমাজকর্ম বিভাগের মোস্তাকিম আহমদ।

গত ২৩ মার্চ বিশ্ববিদ্যালয়ের প্রধান গেট সংলগ্ন এলাকায় বাংলা বিভাগের স্নাতক শেষ বর্ষের ছাত্র রাজীব সরকারের ওপর হামলা চালানো হয়। এ ঘটনায় পরদিন শাবির সহকারী রেজিস্ট্রার মো. রেজাউল করিম বাদী হয়ে ৯ জনের নাম উল্লেখ এবং আরও ৪-৫ জনকে অজ্ঞাতনামা আসামি করে জালালাবাদ থানায় মামলা করেন।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :

+৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) । ইমেইল:

ad.samakalonline@outlook.com

